

Telephone conversation between Prime Minister and President of USA

June 02, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 02, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি মহামান্য ডোনাল্ড ট্রাম্পের সাথে আজ টেলিফোনে বাক্যালাপ করেছেন।

গ্রুপ অফ সেভেন-এ ইউএস সভাপতিত্ব নিয়ে রাষ্ট্রপতি ট্রাম্প বলেছেন এবং এই গ্রুপের বর্তমান সদস্যদের পরিধি সম্প্রসারিত করে ভারত সহ অন্যান্য গুরুত্বপূর্ণ দেশকে অর্ন্তভুক্ত করার ইচ্ছের কথা তিনি জানিয়েছেন। এই পরিপ্রেক্ষিতে পরবর্তী জি-7 শীর্ষ সম্মেলন যা ইউএসএ তে অনুষ্ঠিত হবে তাতে উপস্থিত থাকার জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রী মোদীকে আমন্ত্রণ জানিয়েছেন।

মাননীয় প্রধানমন্ত্রী মোদী রাষ্ট্রপতি ট্রাম্পের সৃষ্টিশীল এবং দূরদৃষ্টিমূলক দৃষ্টিভঙ্গির প্রশংসা করেছেন এবং এই সত্য স্বীকার করেছেন যে এই ধরনের প্রসারিত ফোরাম কোভিড পরবর্তী বিশ্বের উদ্ভূত বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন যে প্রস্তাবিত শীর্ষ সম্মেলনের সাফল্য নিশ্চিত করার জন্য অন্যান্য দেশের সাথে কাজ করতে ভারত সুখীই হবে।

ইউএসএ তে চলতে থাকা অভ্যন্তরীণ অস্থিরতার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বেগ প্রকাশ করেছেন এবং পরিস্থিতির শীঘ্র সমাধানের জন্য শুভকামনা জানিয়েছেন।

দুই নেতা অন্যান্য বিষয় যেমন দুই দেশে কোভিড-19 এর ফলে উদ্ভূত পরিস্থিতি, ভারত-চীন সীমান্ত পরিস্থিতি এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার সংস্কারের প্রয়োজনীয়তা নিয়ে মত বিনিময় করেছেন।

এই বছর ফেব্রুয়ারি মাসে হয়ে যাওয়া তার ভারত সফর নিয়ে রাষ্ট্রপতি ট্রাম্প উষ্ণ স্মৃতিচারণা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী মোদী বলেছেন যে এই সফর মনে রাখার মত এবং নানা দিক দিয়ে তা ঐতিহাসিক এবং তা দ্বিপাক্ষিক সম্পর্কে নতুন গতি সঞ্চার করেছে।

বাক্যালাপের ব্যতিক্রমি উষ্ণতা এবং সরলতা ভারত-ইউএস ঐক্যের বিশেষ প্রকৃতি, সাথে বন্ধুত্ব এবং দুই নেতার মধ্যে পারস্পরিক শ্রদ্ধা প্রতিফলিত করে।

নিউ দিল্লি

জুন 02, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.